www.prepp.in

Prepp
Your Personal Exams Guide

**Lang. Code : 04**

इस पुस्तिका में **20** पृष्ठ हैं ।
This booklet contains **20** pages.

# TAJ 19-II

**प्रश्न-पत्र II / PAPER II**
**बंगला भाषा परिशिष्ट**
**Bangla Language Supplement**
**भाग IV & V / PART IV & V**

**परीक्षा पुस्तिका संकेत**
**Test Booklet Code**

**W**

**परीक्षा पुस्तिका संख्या**
**Test Booklet No.**

**इस परीक्षा पुस्तिका को तब तक न खोलें जब तक कहा न जाए ।**
**Do not open this Test Booklet until you are asked to do so.**
**इस परीक्षा पुस्तिका के पिछले आवरण (पृष्ठ 19 व 20)पर दिए निर्देशों को ध्यान से पढ़ें ।**
**Read carefully the Instructions on the Back Cover (Page 19 & 20) of this Test Booklet.**

**बंगला में निर्देशों के लिए इस पुस्तिका का पृष्ठ 2 देखें । / For instructions in Bangla see Page 2 of this Booklet.**

## परीक्षार्थियों के लिए निर्देश

1. यह पुस्तिका मुख्य परीक्षा पुस्तिका की एक परिशिष्ट है, उन परीक्षार्थियों के लिए जो या तो भाग IV (भाषा I) **या** भाग V (भाषा II) **बंगला** भाषा में देना चाहते हैं, लेकिन **दोनों नहीं** ।
2. परीक्षार्थी भाग I एवं भाग II **या** III के उत्तर मुख्य परीक्षा पुस्तिका से दें और भाग IV व V के उत्तर उनके द्वारा चुनी भाषाओं से ।
3. अंग्रेज़ी व हिन्दी भाषा पर प्रश्न मुख्य परीक्षा पुस्तिका में भाग IV व भाग V के अन्तर्गत दिए गए हैं । भाषा परिशिष्टों को आप अलग से माँग सकते हैं ।
4. इस पृष्ठ पर विवरण अंकित करने एवं उत्तर पत्र पर निशान लगाने के लिए **केवल काले/नीले बॉल पॉइंट पेन** का प्रयोग करें ।
5. इस भाषा पुस्तिका का **संकेत** है **W**। यह सुनिश्चित कर लें कि इस भाषा परिशिष्ट पुस्तिका का संकेत, उत्तर पत्र के **पृष्ठ-2** एवं मुख्य परीक्षा पुस्तिका पर छपे संकेत से मिलता है । अगर यह भिन्न हो, तो परीक्षार्थी दूसरी भाषा परिशिष्ट परीक्षा पुस्तिका लेने के लिए निरीक्षक को तुरन्त अवगत कराएँ ।
6. इस परीक्षा पुस्तिका में **दो** भाग IV और V हैं, जिनमें **60** वस्तुनिष्ठ प्रश्न हैं, जो प्रत्येक 1 अंक का है :
   भाग-IV : भाषा-I (बंगला) (प्र. 91 से प्र. 120)
   भाग-V : भाषा-II (बंगला) (प्र. 121 से प्र. 150)
7. भाग-IV में भाषा-I के लिए 30 प्रश्न और भाग-V में भाषा-II के लिए 30 प्रश्न दिए गए हैं । इस परीक्षा पुस्तिका में केवल बंगला भाषा से संबंधित प्रश्न दिए गए हैं । **यदि भाषा-I और/या भाषा-II में आपके द्वारा चुनी गई भाषा(एँ) बंगला के अलावा है तो कृपया उस भाषा वाली परीक्षा पुस्तिका माँग लीजिए । जिन भाषाओं के प्रश्नों के उत्तर आप दे रहे हैं वह आवेदन पत्र में चुनी गई भाषाओं से अवश्य मेल खानी चाहिए ।**
8. **परीक्षार्थी भाग-V (भाषा-II) के लिए, भाषा सूची से ऐसी भाषा चुनें जो उनके द्वारा भाषा I (भाग-IV) में चुनी गई भाषा से भिन्न हो ।**
9. रफ कार्य परीक्षा पुस्तिका में इस प्रयोजन के लिए दी गई खाली जगह पर ही करें ।
10. सभी उत्तर केवल OMR उत्तर पत्र पर ही अंकित करें । अपने उत्तर ध्यानपूर्वक अंकित करें । उत्तर बदलने हेतु श्वेत रंजक का प्रयोग निषिद्ध है ।

## *INSTRUCTIONS FOR CANDIDATES*

1. This booklet is a supplement to the Main Test Booklet for those candidates who wish to answer **EITHER** Part IV (Language I) **OR** Part V (Language II) in **BANGLA** language, but **NOT BOTH**.
2. Candidates are required to answer Part I and Part II **OR** III from the Main Test Booklet and Parts IV and V from the languages chosen by them.
3. Questions on English and Hindi languages for Part IV and Part V have been given in the Main Test Booklet. Language Supplements can be asked for separately.
4. Use **Black/Blue Ball Point Pen only** for writing particulars on this page / marking responses in the Answer Sheet.
5. The CODE for this Language Booklet is **W**. Make sure that the CODE printed on **Side-2** of the Answer Sheet and on your Main Test Booklet is the same as that on this Language Supplement Test Booklet. In case of discrepancy, the candidate should immediately report the matter to the Invigilator for replacement of the Language Supplement Test Booklet.
6. This Test Booklet has **two** Parts, IV and V, consisting of **60** Objective Type Questions, each carrying 1 mark :
   Part-IV : Language-I (Bangla) (Q. 91 to Q. 120)
   Part-V : Language-II (Bangla) (Q. 121 to Q. 150)
7. Part-IV contains 30 questions for Language-I and Part-V contains 30 questions for Language-II. In this Test Booklet, only questions pertaining to Bangla language have been given. **In case the language/s you have opted for as Language-I and/or Language-II is a Language other than Bangla, please ask for a Test Booklet that contains questions on that language. The language being answered must tally with the languages opted for in your Application Form.**
8. **Candidates are required to attempt questions in Part -V (Language-II) in a language other than the one chosen as Language-I (in Part-IV) from the list of languages.**
9. Rough work should be done only in the space provided in the Test Booklet for the same.
10. The answers are to be recorded on the OMR Answer Sheet only. Mark your responses carefully. No whitener is allowed for changing answers.

परीक्षार्थी का नाम (बड़े अक्षरों में) : ______________________
Name of the Candidate (in Capitals) :
अनुक्रमांक : (अंकों में) ______________________
Roll Number : in figures
: (शब्दों में) ______________________
: in words
परीक्षा केन्द्र (बड़े अक्षरों में) : ______________________
Centre of Examination (in Capitals) :
परीक्षार्थी के हस्ताक्षर : ______________ निरीक्षक के हस्ताक्षर : ______________
Candidate's Signature : Invigilator's Signature :
Facsimile signature stamp of
Centre Superintendent ______________________

W

www.prepp.in



**Lang. Code : 04**

বর্তমান পুস্তিকাটি 20 পৃষ্ঠা সমন্বিত

# TAJ 19-II

## প্রশ্ন পত্র II

## বাংলা ভাষা পরিশিষ্ট

## ভাগ IV & V

পরীক্ষা পুস্তিকা কোড

**W**

**যতক্ষণ পর্যন্ত না বলা হবে, ততক্ষণ পর্যন্ত পরীক্ষা পুস্তিকাটি খুলবেন না ।**

**পরীক্ষা পুস্তিকাটির পিছনের আবরণীতে (পৃষ্ঠ 19 & 20) মুদ্রিত নির্দেশ গুলি মন দিয়ে পড়ুন ।**

***পরীক্ষার্থীদের প্রতি নির্দেশ :***

1. যে সব পরীক্ষার্থী **বাংলা** ভাষায় ভাগ IV (ভাষা I) (Part IV, Language I) **অথবা** ভাগ V (ভাষা II) (Part V, Language II) **- এর কিন্তু দুটিরই নয়** - উত্তর দিতে চান, তাঁদের জন্য এই পুস্তিকাটি মুখ্য পরীক্ষা পুস্তিকার একটি পরিশিষ্ট বিশেষ ।
2. পরীক্ষার্থীরা ভাগ I এবং ভাগ II **অথবা** III এর উত্তর মুখ্য পরীক্ষা পুস্তিকা থেকে দেবেন এবং ভাগ IV এবং V এর উত্তর তাদের নিজেদের নির্বাচিত ভাষার থেকে দেবেন ।
3. ইংরেজি এবং হিন্দি ভাষার উপর প্রশ্ন মুখ্য পরীক্ষা পুস্তিকার ভাগ IV এবং ভাগ V এ দেওয়া আছে । পরীক্ষার্থীরা আলাদা করে ভাষা-পরিষিষ্টগুলি (Language Supplements) চেয়ে নিতে পারেন ।
4. এই পৃষ্ঠার বিবরণ গুলি লেখার জন্য এবং উত্তর পত্রে উত্তর চিহ্নিত করণের জন্য **কেবলমাত্র কালো/নীল বল্ পয়েন্ট পেনই** ব্যবহার করতে হবে ।
5. বর্তমান ভাষা-পুস্তিকার (Language Booklet) কোড **W.** এই ভাষা পরিশিষ্ট পুস্তিকার কোড এবং উত্তর পত্রের দ্বিতীয় পৃষ্ঠায় মুদ্রিত কোড ও মুখ্য পরীক্ষা পুস্তিকার উপরে মুদ্রিত কোড একই কি না, পরীক্ষার্থীরা সেটা এবশ্যই নিশ্চিত হয়ে নেবেন । কোড এক না হলে পরীক্ষার্থী অবিলম্বে পরীক্ষা নিরীক্ষক (invigilator) - এর দৃষ্টি আকর্ষণ করবেন এবং তাকে ভাষা পরিশিষ্ট পরীক্ষা পুস্তিকাটি বদলে দিতে বলবেন ।
6. এই পরীক্ষা পুস্তিকাটি IV এবং V - এই দুই ভাগে বিন্যস্ত এবং এর মধ্যে **60**টি বস্তুনিষ্ঠ প্রশ্ন (Objective Type Questions) বর্তমান । প্রতিটি বস্তুনিষ্ঠ প্রশ্ন 1 নম্বরের :
   ভাগ IV : ভাষা-I (বাংলা) *(প্রশ্ন সংখ্যা : 91 থেকে 120)*
   ভাগ V : ভাষা-II (বাংলা) *(প্রশ্ন সংখ্যা : 121 থেকে 150)*
7. ভাগ IV এ ভাষা I এর জন্য আছে 30টি প্রশ্ন এবং ভাগ V এ ভাষা II এর জন্য আছে 30টি প্রশ্ন । যদি ভাষা **I** এবং/অথবা ভাষা **II** এর জন্য আপনার নির্বাচিত ভাষাটি (গুলি) বাংলা না হয়ে অন্য কিছু হয় - তা হলে অনুগ্রহ করে আপনার নির্বাচিত ভাষার পরীক্ষা পুস্তিকা চেয়ে নিন । আপনি আপনার আবেদন পত্রে (Application Form) যে নির্বাচিত ভাষার উল্লেখ করেছেন, আপনাকে ঠিক সেই ভাষাতেই উত্তর লিখতে হবে ।
8. পরীক্ষার্থীদের ভাগ **V** (ভাষা **II**) এর প্রশ্নোত্তরের জন্য প্রদত্ত ভাষা-তালিকা থেকে এমন একটি ভাষা নির্বাচন করতে হবে - যা তার ভাষা **I** (ভাগ **IV**) এর জন্য নির্বাচিত ভাষা থেকে আলাদা । অর্থাৎ ভাষা **I** (ভাগ **IV**) এবং ভাগ **V** (ভাষা **II**) এর প্রশ্নোত্তরের জন্য একই ভাষা নির্বাচন চলবে না ।
9. পরীক্ষা পুস্তিকায় পরীক্ষার্থীর নিজের কাজ (rough work) - এর জন্য নির্দিষ্ট খালি জায়গার মধ্যেই rough work করতে হবে ।
10. সব উত্তর (OMR) উত্তর-পত্রের মধ্যেই চিহ্নিত করতে হবে । উত্তর চিহ্নিত করণের কাজটি সাবধানতার সঙ্গে করতে হবে

পরীক্ষার্থীর নাম (ছাপার অক্ষরে) : ____________________

ক্রমিক সংখ্যা (সংখ্যায়) ____________________

: (অক্ষরে) ____________________

পরীক্ষা কেন্দ্র (ছাপার অক্ষরে) : ____________________

পরীক্ষার্থীর স্বাক্ষর : ____________ পরীক্ষা নিরীক্ষকের স্বাক্ষর : ____________

Facsimile signature stamp of

Centre Superintendent ____________________

www.prepp.in



যে-সব পরীক্ষার্থী বাংলা কে ভাষা-**I** হিসাবে নির্বাচিত করেছেন, তারা অবশ্যই ভাগ-**IV (91** থেকে **120** নং প্রশ্ন) – এর উত্তর দেবেন

Candidates should attempt the questions from **Part-IV (Q.No. 91-120)**, if they have opted **BANGLA** as **LANGUAGE-I** only.

www.prepp.in



**Part – IV / ভাগ – IV**

**Language – I / ভাষা – I**

**Bangla / বাংলা**

যে-সব পরীক্ষার্থী বাংলা কে ভাষা-I হিসাবে নির্বাচিত করেছেন, তারা অবশ্যই ভাগ-IV (91 থেকে 120 নং প্রশ্ন) – এর উত্তর দেবেন

**নির্দেশ : নিম্নলিখিত গদ্যটি পাঠ করে সংশ্লিষ্ট প্রশ্নগুলির (91 থেকে 99 নম্বর প্রশ্ন) সঠিক উত্তর নির্বাচন করুন।**

যাহা অসংগত তাহাতে মানুষের দুঃখ পাওয়া উচিত ছিল, হাসি পাইবার কোনো অর্থই নাই। পশ্চাতে যখন চৌকি নাই তখন চৌকিতে বসিতেছি মনে করিয়া কেহ যদি মাটিতে পড়িয়া যায় তবে তাহাতে দর্শকবৃন্দের সুখানুভব করিবার কোনো যুক্তিসংগত কারণ দেখা যায় না। এমন একটা উদাহরণ কেন, কৌতুকমাত্রেরই মধ্যে এমন একটা পদার্থ আছে যাহাতে মানুষের সুখ না হইয়া দুঃখ হওয়া উচিত।

আমরা কথায় কথায় সেদিন ইহার একটা কারণ নির্দেশ করিয়াছিলাম। আমরা বলিয়াছিলাম, কৌতুকের হাসি এবং আমোদের হাসি একজাতীয়, উভয় হাস্যের মধ্যেই একটা প্রবলতা আছে। তাই আমাদের সন্দেহ হইয়াছিল যে, হয়তো আমোদ এবং কৌতুকের মধ্যে একটা প্রকৃতিগত সাদৃশ্য আছে; সেইটে বাহির করিতে পারিলেই কৌতুকহাস্যের রহস্যভেদ হইতে পারে। সাধারণ ভাবের সুখের সহিত আমোদের একটা প্রভেদ আছে। নিয়মভঙ্গে যে একটু পীড়া আছে সেই পীড়াটুকু না থাকিলে আমোদ হইতে পারে না। আমোদ জিনিসটা নিত্যনৈমিত্তিক সহজ নিয়মসংগত নহে; তাহা মাঝে মাঝে এক-এক দিনের; তাহাতে প্রয়াসের আবশ্যক। সেই পীড়ন এবং প্রয়াসের সংঘর্ষে মনের যে-একটা উত্তেজনা হয় সেই উত্তেজনাই আমাদের প্রধান উপকরণ।

আমরা বলিয়াছিলাম, কৌতুকের মধ্যেও নিয়মভঙ্গজনিত একটা পীড়া আছে; সেই পীড়াটা অতি অধিক মাত্রায় না গেলে আমাদের মনে যে একটা সুখকর উত্তেজনার উদ্রেক করে, সেই আকস্মিক উত্তেজনার আঘাতে আমরা হাসিয়া উঠি। যাহা সুসংগত তাহা চিরদিনের নিয়মসম্মত, যাহা অসংগত তাহা ক্ষণকালের নিয়মভঙ্গ। যেখানে যাহা হওয়া উচিত সেখানে তাহা হইলে তাহাতে আমাদের মনের কোনো উত্তেজনা নাই, হঠাৎ, না হইলে কিম্বা আর-একরূপ হইলে সেই আকস্মিক অনতিপ্রবল উৎপীড়নে মনটা একটা বিশেষ চেতনা অনুভব করিয়া সুখ পায় এবং আমরা হাসিয়া উঠি। সেদিন আমরা এই পর্যন্ত গিয়াছিলাম-আর বেশি দূর যাই নাই। কিন্তু তাই বলিয়া আর যে যাওয়া যায় না তাহা নহে। আরও বলিবার কথা আছে।

শ্রীমতী দীপ্তি প্রশ্ন করিয়াছেন যে, আমাদের চার পণ্ডিতের সিদ্ধান্ত যদি সত্য হয় তবে চলিতে চলিতে হঠাৎ অল্প হুঁচট খাইলে কিম্বা রাস্তায় যাইতে অকস্মাৎ অল্পমাত্রায় দুর্গন্ধ নাকে আসিলে আমাদের হাসি পাওয়া, অন্তত, উত্তেজনাজনিত সুখ অনুভব করা উচিত।

**91. শূন্যস্থান পূরণ করুন**

**সাধারণ ভাবে _____ সহিত ______ একটা প্রভেদ আছে।**

(1) খুশির, দুঃখের

(2) উল্লাসের, যন্ত্রণার

(3) আনন্দের, বেদনার

(4) সুখের, আমোদের

www.prepp.in



92. 'পীড়ন শব্দের' সঠিক প্রতিশব্দ নির্বাচন করুন -

(1) দুঃখ কষ্ট

(2) মনোমালিন্য

(3) অত্যাচার

(4) প্রেম

93. 'সুসংগত' – খর বিপরীতার্থ কি ?

(1) বিন্যস্ত

(2) অসংগত

(3) দ্রুতগামী

(4) চটুল

94. আলোচ্য গদ্যে কে প্রশ্ন করেছিলেন ?

(1) ক্ষিতী

(2) শ্রীমতী স্রোতস্বিনী

(3) ব্যোমনাথ

(4) শ্রীমতী দীপ্তি

95. আলোচ্য গদ্যে 'কৌতুক' শব্দটি কতবার ব্যবহার করা হয়েছে ?

(1) চারবার

(2) ছয় বার

(3) পাঁচ বার

(4) তিন বার

96. 'কৌতুক-হাস্য' শব্দটি নিম্নলিখিত কোন সমাসের অন্তর্গত ?

(1) দ্বন্দ্ব সমাস

(2) দ্বিগু সমাস

(3) তৎপুরুষ সমাস

(4) কর্মধারয় সমাস

97. আলোচ্য গদ্য অনুসারে নিম্নলিখিত বাক্যগুলির সঠিক ক্রম নির্বাচন করুন :

A. এমন একটা উদাহরণ কেন, কৌতুকমাত্রেরই মধ্যে এমন একটা পদার্থ আছে যাহাতে মানুষের সুখ না হইয়া দুঃখ হওয়া উচিত।

B. আরও বলিবার কথা আছে।

C. যাহা সুসংগত, তাহা চিরদিনের নিয়ম সম্মত, যাহা অসংগত তাহা ক্ষণকালের নিয়ম ভঙ্গ।

D. আমোদ জিনিসটা নিত্যনৈমিত্তিক সহজ নিয়মসংগত নহে; তাহা মাঝে মাঝে এক-এক দিনের; তাহাতে প্রয়াসের আবশ্যক।

(1) D, C, A, B

(2) A, D, C, B

(3) B, A, C, D

(4) C, A, D, B

www.prepp.in



98. বাক্য সম্পূর্ণ করুন -

কৌতুকমাত্রেরই মধ্যে এমন একটা পদার্থ আছে, যাহাতে মানুষের সুখ না হইয়া –

(1) মজা পাওয়া উচিত

(2) আনন্দ হওয়া উচিত

(3) দু:খ হওয়া উচিত

(4) খুশি পাওয়া উচিত

99. আলোচ্য গদ্যের ভাষারূপ কি ?

(1) সাধু

(2) চলিত

(3) মিশ্র

(4) গুরুচণ্ডালী

নির্দেশ :

নিম্নলিখিত কবিতাটি পাঠ করে সংশ্লিষ্ট প্রশ্নগুলির (100 থেকে 105 নম্বর প্রশ্ন) সঠিক উত্তর নির্বাচন করুন :

আঠারো বছর বয়স কী দুঃসহ
স্পর্ধায় নেয় মাথা তোলবার ঝুঁকি,
আঠারো বছর বয়সেই অহরহ
বিরাট দুঃসাহসেরা দেয় যে উঁকি।

আঠারো বছর বয়সের নেই ভয়
পদাঘাতে চায় ভাঙতে পাথর বাধা,
এ বয়সে কেউ মাথা নোয়াবার নয় -
আঠারো বছর বয়স জানে না কাঁদা।
এ বয়স জানে রক্তদানের পুণ্য
বাষ্পের বেগে স্টিমারের মতো চলে,
প্রাণ দেওয়া-নেওয়া ঝুলিটা থাকে না শূন্য
সঁপে আত্মাকে শপথের কোলাহলে।

100. "স্পর্ধায় নেয় মাথা তোলবার ঝুঁকি,

বিরাট দুঃসাহসেরা দেয় যে উঁকি।"

কবিতায় উল্লেখিত 'ঝুঁকি' ও 'উঁকি' শব্দ দুটি কোন অলঙ্কারের ব্যবহারের উদাহরণ ?

(1) অনুপ্রাস

(2) যমক

(3) শব্দশ্লেষ

(4) পুনুরক্তবদাভাস

101. আঠারো বছর বয়স পদাঘাতে কি ভাঙতে চায় ?

(1) দরয়াজা

(2) গেট

(3) পাথর বাধা

(4) সাম্রাজ্য

102. নিম্নলিখিতের মধ্যে কোন শব্দটি কবিতায় নেই ?

(1) পুণ্য

(2) অভিন্ন

(3) কাঁদা

(4) শূন্য

www.prepp.in



103. শূন্যস্থান পূরণ করুন -

"বাঙ্গের বেগে _______ মতো চলে।"

(1) নৌকার

(2) মোটরের

(3) এরোপ্লেনের

(4) স্টিমারের

104. কোন বয়স জানে রক্তাদানের পুণ্য ?

(1) সতেরো বছর

(2) পনেরো বছর

(3) আঠারো বছর

(4) একুশ বছর

105. আলোচ্য কবিতাটি কোন ছন্দে লেখা ?

(1) সনেট

(2) পয়ার

(3) অক্ষরবৃত্ত

(4) মাত্রাবৃত্ত

106. কবিতা পড়ানোর সময় নিম্নলিখিতের মধ্যে কোনটি সবচেয়ে গুরুত্বপূর্ণ ?

(1) প্রতিটি কবিতার একটি সুনিদৃষ্ট অর্থ আছে।

(2) কবিতার একের বেশি অর্থ হয়।

(3) একটি কবিতা কোনভাবেই সামাজিক সমস্যার প্রতিফলন করে না।

(4) একটি কবিতা কোনভাবে অনুভূতির প্রেক্ষিতকে প্রতিফলিত করে না।

107. প্রতিবেদন লেখা শেখানোর জন্য একজন শিক্ষক সংবাদপত্রে প্রকাশিত কিছু প্রতিবেদনের কাটিং **(cutting)** ছাত্রদের মধ্যে বিতরণ করলেন। তিনি তাদের প্রতিবেদনটি পড়তে এবং সে বিষয়ে তাদের কিছু উপলব্ধি লিখতে বললেন। শ্রেণীকক্ষে শিক্ষক যে সংবাদপত্রের কাটিং **(cutting)** ব্যবহার করেছেন, তা হল –

(1) শিক্ষণ সরঞ্জাম (teaching aid)

(2) পঠন সরঞ্জাম (learning aid)

(3) শিক্ষণ-পঠন দস্তাবেজ (teaching learning material)

(4) শিক্ষণ পদ্ধতি ও প্রকৌশল (teaching method and strategies)

108. ভারতবর্ষে কতগুলি ভাষা পরিবার আছে ?

(1) চার

(2) ছয়

(3) আট

(4) দশ

109. ভাষা শ্রেণীকক্ষে ভাষা শিক্ষার কোন পদ্ধতি মাতৃভাষার ব্যবহারকে দূরে সরিয়ে (barriers) দেয় ?

(1) সরাসরি (Direct) পদ্ধতি

(2) শব্দভাষিক (Audio lingual) পদ্ধতি

(3) নিমজ্জন (Immersion) পদ্ধতি

(4) স্বাভাবিক (Natural) পদ্ধতি

www.prepp.in



**110.** ভাষা শিক্ষা দেওয়ার সময় একজন শিক্ষক বিজ্ঞান এবং সমাজবিজ্ঞান থেকে উদাহরণ দেন । এই ধরণের কর্ম পদ্ধতিকে যেভাবে বর্ণনা (termed) করা যেতে পারে, তা হল -

(1) বিজ্ঞান এবং ভাষা শিক্ষা

(2) পাঠক্রম নির্বিশেষ (general) ভাষা

(3) TPR কর্মপদ্ধতি

(4) CLT কর্মপদ্ধতি

**111.** ভাষা শিক্ষায় জ্ঞানাত্মক পরিপ্রেক্ষিত যে বিষয়ের উপর জোর দেয়, তা হল -

(1) ত্রুটি হল ভাষা শিক্ষা পদ্ধতির অংশ

(2) অভ্যাস গড়ে তেলার পদ্ধতি ভাষা শিক্ষায় সাহায্য করে।

(3) শিক্ষক কথপোকথন বারংবার করতে এবং মনে রাখতে উৎসাহিত করবে।

(4) ত্রুটি খুব দ্রুত সংশোধন করতে হবে, নইলে সেগুলি শিশুদের মাথায় স্থায়ীভাবে থেকে যাবে।

**112.** শিক্ষার্থীদের খারাপ প্রদর্শনের কারণ খোঁজার জন্য শিক্ষক যে পদ্ধতিতে পরীক্ষার ব্যবস্থা করেন, তা হল –

(1) দক্ষতার পরীক্ষা (Proficiency test)

(2) কারণ অনুসন্ধান (diagnostic) পরীক্ষা

(3) সাফল্য অর্জনের (achievement) পরীক্ষা

(4) উপস্থাপনের (summative) পরীক্ষা

**113.** একজন শিক্ষক ষষ্ঠশ্রেণীর ভাষা পরীক্ষার উত্তরপত্র পরীক্ষা করে দেখলেন যে ছাত্ররা ভালো ফল করে নি। এরপর তিনি আর একটি পরীক্ষা পরিকল্পনা ও পরিচালনা করেন। এই পরীক্ষার নাম কি ?

(1) গুরুত্বপূর্ণ ও দীর্ঘস্থায়ী প্রভাব সম্পন্ন (formative) পরীক্ষা

(2) উপস্থাপনাত্মক (summative) পরীক্ষা

(3) কারণ অনুসন্ধান (diagnostic) পরীক্ষা

(4) পুঞ্জীভূত (cumulative) পরীক্ষা

**114.** একটি শ্রেণীকক্ষে পড়ানোর পর একজন ভাষা শিক্ষিকা তার ডাইরিতে লিখলেন, "ছাত্ররা ভাষার খেলা খুব চিত্তাকর্ষক মনে করেছে এবং সক্রিয়ভাবে অংশগ্রহণ করেছে কিন্তু তৃতীয় গোষ্ঠীর ছাত্রাছাত্রীরা এবিষয়ে প্রয়োজনীয় পরিণতিতে পৌঁছতে রীতিমতো সংঘর্ষ করেছে।" এটা হলো শিক্ষিকার যে বিষয়ের উদাহরণ -

(1) মুল্যায়ন

(2) যান্ত্রিক লিপিবদ্ধ (anecdotal record)

(3) প্রতিবিম্বিত ভাবনা (reflective thinking)

(4) নিরীক্ষণ (observation)

www.prepp.in



115. একজন কার্যকরী (effective) ভাষা শিক্ষক -

(1) পাঠ্যপুস্তকের প্রতিটি প্রশ্নের উত্তর ছাত্রদের পড়াবেন।

(2) তিনি একদিকে যেমন পাঠ্যপুস্তক ব্যবহার করবেন, তেমন অন্যদিকে তার বাইরেও যাবেন।

(3) তিনি এমন প্রশ্নপত্র তৈরি করবেন যেগুলি একান্তভাবে পাঠ্যপুস্তক নির্ভর।

(4) কোন ভাবেই নির্ধারিত পাঠ্যপুস্তকের বাইরে যাবেন না।

116. ভাষা শিক্ষায় নিম্নলিখিতের মধ্যে কোনটা সবচেয়ে বেশি গুরুত্বপূর্ণ ?

(1) পাঠ্যপুস্তক

(2) অতিরিক্ত পাঠ

(3) শিশু সাহিত্য

(4) কর্মকেন্দ্রিক পত্র (Activity sheet)

117. নিম্নলিখিতের মধ্যে কোনগুলি শিক্ষার্থীদের মধ্যে শৈল্পিক সত্ত্বার বিকাশে সাহায্যে করে ?

(1) পরীক্ষায় ভালো নম্বর পাওয়ার জন্য ছাত্রদের পড়ানো।

(2) এমন সুযোগ তৈরি করা যেখানে তারা নিজেদের অভিজ্ঞতা অনুযায়ী নিজের খুশিতে লিখতে পারে।

(3) ছাত্রদের গল্পের মধ্যে থাকা নীতিকথা পড়তে ও লিখতে বলা।

(4) ছাত্রদের পড়ায় আগ্রহী হতে বলা।

118. ভাষায় 'বুদ্ধির মানচিত্র' (mind mapping) র অর্থ

(1) বুদ্ধির মানচিত্র রচনা করা।

(2) গল্প বা কবিতায় যে অঞ্চলের কথা বলা হয়েছে তার মানচিত্র রচনা করা।

(3) একটি রোমাঞ্চকর ভ্রমণের জন্য পরিকল্পনা করা।

(4) ছাত্রদেরকে ঠিকভাবে বুঝতে, নতুন ধারণা তৈরি করতে এবং সংযোগ গড়ে তুলতে অনুমতি দেওয়া।

119. লেখার দক্ষতার বিকাশে সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় কি ?

(1) ভালো হস্তাক্ষরে লেখা

(2) নির্ভুল বানানের ব্যবহার

(3) নির্দেশকে অনুসরণ করে এবং যেভাবে বলা হয় তাতে দেরি না করে চটপট লেখা

(4) লেখায় আপনার দৃষ্টিকোণ, ধারণা এবং অভিজ্ঞতাকে প্রকাশ করা।

120. যে পাঠে পাঠকের আনন্দদানকারী পাঠ্য বই এবং সাধারণ পাঠ দক্ষতার বিকাশ কৌশলকে অন্তর্ভুক্ত করা হয়, তা হল -

(1) নিবিড় পাঠ (intensive reading)

(2) বিস্তারিত পাঠ (extensive reading)

(3) পূর্ব পাঠ (pre)

(4) উত্তর পাঠ (post)

www.prepp.in



যে-সব পরীক্ষার্থী বাংলা কে ভাষা-**II** হিসাবে নির্বাচিত করেছেন, তারা অবশ্যই ভাগ-**V (121 থেকে 150** নং প্রশ্ন) – এর উত্তর দেবেন

Candidates should attempt the questions from **Part-V (Q.No. 121-150)**, if they have opted **BANGLA** as **LANGUAGE-II** only.

**Part – V / ভাগ – V**
**Language – II / ভাষা – II**
**Bangla / বাংলা**

যে-সব পরীক্ষার্থী বাংলাকে ভাষা-II হিসাবে নির্বাচিত করেছেন, তারা অবশ্যই ভাগ-V (121 থেকে 150 নং প্রশ্ন) – এর উত্তর দেবেন

নির্দেশ :

**নিম্নলিখিত গদ্যটি পাঠ করে সংশ্লিষ্ট প্রশ্নগুলির (121 থেকে 128 নম্বর প্রশ্ন) সঠিক উত্তর নির্বাচন করুন।**

একবার কলিকাতায় ডেঙ্গুজ্বরের তাড়ায় আমাদের বৃহৎ পরিবারের কিয়দংশ পেনেটিতে ছাতুবাবুদের বাগানে আশ্রয় লইল। আমরা তাহার মধ্যে ছিলাম।

এই প্রথম বাহিরে গেলাম। গঙ্গার তীরভূমি যেন কোন্ পূর্বজন্মের পরিচয়ে আমাকে কোলে করিয়া লইল। সেখানে চাকরদের ঘরটির সামনে গোটাকয়েক পেয়ারাগাছ। সেই ছায়াতলে বারান্দায় বসিয়া সেই পেয়ারাবনের অন্তরাল দিয়া গঙ্গার ধারার দিকে চাহিয়া আমার দিন কাটিত। প্রত্যহ প্রভাতে ঘুম হইতে উঠিবামাত্র আমার কেমন মনে হইত, যেন দিনটাকে একখানি সোনালিপাড়-দেওয়া নূতন চিঠির মতো পাইলাম। লেফাফা খুলিয়া ফেলিলে যেন কী অপূর্ব খবর পাওয়া যাইবে। পাছে একটুও কিছু লোকসান হয় এই আগ্রহে তাড়াতাড়ি মুখ ধুইয়া বাহিরে আসিয়া চৌকি লইয়া বসিতাম। প্রতিদিন গঙ্গার উপর সেই জোয়ারভাঁটার আসা যাওয়া, সেই কত রকম-রকম নৌকার কত গতিভঙ্গি, সেই পেয়ারাগাছের ছায়ার পশ্চিম হইতে পূর্বদিকে অপসারণ, সেই কোন্নগরের পারে শ্রেণীবদ্ধ বনান্ধকারের উপর বিদীর্ণবক্ষ সূর্যাস্তকালের অজস্র স্বর্ণশোণিতপ্লাবন। এক-একদিন সকাল হইতে মেঘ করিয়া আসে; ওপারের গাছগুলি কালো; নদীর উপর কালো ছায়া; দেখিতে দেখিতে সশব্দ বৃষ্টির ধারায় দিগন্ত ঝাপসা হইয়া যায়, ওপারের তটরেখা যেন চোখের জলে বিদায়গ্রহণ করে; নদী ফুলিয়া উঠে এবং ভিজা হাওয়া এপারের ডালপালাগুলার মধ্যে যা-খুশি-তাই করিয়া বেড়ায়।

কড়ি-বরগা দেয়ালের জঠরের মধ্যে হইতে বাহিরের জগতে যেন নূতন জন্মলাভ করিলাম। সকল জিনিসকেই আর-একবার নূতন করিয়া জানিতে গিয়া, পৃথিবীর উপর হইতে অভ্যাসের তুচ্ছতার আবরণ একেবারে ঘুচিয়া গেল। সকালবেলায় এখোগুড় দিয়া যে বাসি লুচি খাইতাম, নিশ্চয়ই স্বর্গলোকে ইন্দ্র যে-অমৃত খাইয়া থাকেন তাহার সঙ্গে তার স্বাদের বিশেষ কিছু পার্থক্য নাই। কারণ, অমৃত জিনিসটা রসের মধ্যে নাই, রসবোধের মধ্যেই আছে - এইজন্য যাহারা সেটাকে খোঁজে তাহারা সেটাকে পায়ই না।

www.prepp.in



121. অমৃত জিনিসটা কোথায় থাকে ?

(1) সমুদ্রে

(2) খাবারের মধ্যে

(3) রসগোল্লার মধ্যে

(4) রসবোধের মধ্যে

122. "এই প্রথম বাহিরে গেলাম" – আলোচ্য বাক্যে কোন জাতীয় ক্রিয়া পদ ব্যবহার করা হয়েছে ?

(1) সকর্মক ক্রিয়া

(2) অকর্মক ক্রিয়া

(3) দ্বিকর্মক ক্রিয়া

(4) যৌগিক ক্রিয়া

123. আলোচ্য গদ্যে ডেঙ্গু জ্বরের তাড়ায় কথকের পরিবার কোথায় আশ্রয় নিয়েছিল ?

(1) মুর্শিদাবাদে আদিল শাহের হাভেলীতে

(2) গৌরীসেনের বাড়িতে

(3) পেনেটিতে ছাতুবাবুদের বাগানে

(4) বীরভূমে শান্তিনিকেতনের আশ্রমে।

124. সকাল বেলায় কথক কি দিয়ে বাসি লুচি খেতেন ?

(1) এখোগুড়

(2) রসগোল্লা

(3) চমচম

(4) বেগুন ভাজা

125. সঠিক বাক্য নির্বাচন করুন।

(1) পাছে একটু কিছু লোকসান না হয় এই আগ্রহে তাড়াতাড়ি মুখ ধুইয়া বাহিরে আসিয়া চৌকি লইয়া বসিতাম।

(2) পাছে একটুও কিছু লোকসান না হয় এই জন্য তাড়াতাড়ি মুখ ধুইয়া বাহিরে আসিয়া চৌকি লইয়া বসিতাম।

(3) পাছে একটুও কিছু লোকসান না হয় এই আগ্রহে তাড়াতাড়ি বাহিরে আসিয়া মুখ ধুইয়া চৌকির উপর বসিতাম।

(4) পাছে একটুও কিছু লোকসান হয় এই আগ্রহে তাড়াতাড়ি মুখ ধুইয়া বাহিরে আসিয়া চৌকি লইয়া বসিতাম।

126. শূন্যস্থান পূরণ করুন -

"পৃথিবীর উপর হইতে ______ তুচ্ছতার ______ একেবারে ঘুচিয়া গেল।"

(1) মানুষের, চিহ্ন

(2) অভ্যাসের, আবরণ

(3) একালীন, প্রলেপ

(4) লোকেদের, অভ্যেস

127. আলোচ্য প্রবন্ধে কোন নদীর উল্লেখ করা হয়েছে ?

(1) যমুনা

(2) আত্রেয়ী

(3) গঙ্গা

(4) সুবর্ণরেখা

www.prepp.in



128. 'জঠর' শব্দের সঠিক প্রতিশব্দ নির্বাচন করুন।

(1) পিঠ

(2) পেট

(3) হাত

(4) মুখ

নির্দেশ :

**নিম্নলিখিত গদ্যটি পাঠ করে সংশ্লিষ্ট প্রশ্নগুলির (129 থেকে 135 নম্বর প্রশ্ন) সঠিক উত্তর নির্বাচন করুন।**

শেষ দৃশ্যের অভিনয় আরম্ভ হল। প্রথম খানিকটা অভিনয়ের পর মন্ত্রী এসে সভায় হাজির হবেন। এ কথা সে কথার পর তিনি রাজাকে সংবাদ দিলেন, "বারবার মহারাজে আশিস্ করিয়া, দেবদূত গেল চলি স্বর্গ অভিমুখে।" বলতে বলতেই হঠাৎ কোত্থেকে "আবার সে এসেছে ফিরিয়া" ব'লে একগাল হাসতে হাসতে দাশু একেবারে সামনে এসে উপস্থিত। হঠাৎ এ রকম বাধা পেয়ে মন্ত্রী তার বক্তৃতার খেই হারিয়ে ফেলল, আমরাও সকলে কি রকম যেন ঘাবড়িয়ে গেলাম - অভিনয় হঠাৎ বন্ধ হবার যোগার হয়ে এল। তাই দেখে দাশু সর্দারি করে মন্ত্রীকে বলল, "বলে যাও কি বলিতেছিলে।" তাতে মন্ত্রী আরও কেমন ঘাবড়িয়ে গেল। রাখাল প্রতিহারী সেজেছিল, দাশুকে কি যেন বলবার জন্যে যেই একটু এগিয়ে গেছে, অমনি দাশু "চেয়েছিল জোর করে ঠেকাতে আমারে এই হতভাগা" – বলে এক চাঁটি মেরে তার মাথার পাগড়ি ফেলে দিল। ফেলে দিয়েই সে রাজার শেষ বক্তৃতাটা - "এ রাজ্যতে নাহি রবে হিংসা অত্যাচার, নাহি রবে দারিদ্র যাতনা" ইত্যাদি - নিজেই গড়গড় করে ব'লে গিয়ে, "যাও সবে নিজ নিজ কাজে" ব'লে অভিনয় শেষ করে দিল। আমরা কি করব বুঝতে না পেরে সব বোকার মতো হাঁ করে তাকিয়ে রইলাম। ওদিকে ঢং করে ঘণ্টা বেজে উঠল আর ঝুপ্ করে পর্দাও নেমে গেল।

আমরা সব রেগে-মেগে লাল হয়ে দাশুকে তেড়ে ধরে বললাম, "হতভাগা, দ্যাখ দেখি সব মাটি করলি, অর্ধেক কথাই বলা হল না।" দাশু বলল, বা, তোমরা কেউ কিছু বলছ না দেখেই তো আমি তাড়াতাড়ি যা মনে ছিল সেইগুলো বলে দিলাম। তা না হলে তো আরো সব মাটি হয়ে যেত। "আমি বললাম, তুই কেন মাঝখানে এসে গোল বাধিয়ে দিলি ? তাইতো সব ঘুলিয়ে গেল।" দাশু বলল, রাখাল কেন বলেছিল যে আমায় জোর করে আটকিয়ে রাখবে ? তা ছাড়া তোমরা কেন আমায় গোড়া থেকে নিতে চাচ্ছিলে না আর ঠাট্টা করছিলে ? আর রামপদ কেন বারবার আমার দিকে কটমট করে তাকাচ্ছিল ? "রামপদ বলল, ওকে ধরে ঘা দু চার লাগিয়ে দে।"

দাশু বলল, "লাগাও না, দেখবে আমি এক্ষুনি চেঁচিয়ে সকলকে হাজির করি কি না ?"

www.prepp.in



**129.** "বলে যাও কি বলিতেছিলে" – একথা কে কাকে বলেছিল ?

(1) দাশু বলেছিল মন্ত্রীকে

(2) রাজা বলেছিল সেনাপতিকে

(3) মন্ত্রী বলেছিল সান্ত্রীকে

(4) সেনাপতি বলেছিল দাশুকে

**130.** শূন্যস্থান পূরণ কর -

"রাখাল ______ সেজেছিল"

(1) সর্দার

(2) মন্ত্রী

(3) রাজা

(4) প্রতিহারী

**131.** 'অত্যাচার' শব্দের সঠিক সন্ধিবিচ্ছেদ নির্বাচন করুন।

(1) অত: + আচার = অত্যাচার

(2) অতি + আচার = অত্যাচার

(3) অতী + অচার = অত্যাচার

(4) অত্ + আচার = অত্যাচার

**132.** "হতভাগা, দ্যাখ দেখি সব মাটি করলি..."

- 'হতভাগা' কি ধরণের সর্বনাম ?

(1) প্রশ্নবাচক

(2) অ-নির্দেশক

(3) নির্দেশক

(4) ব্যক্তিবাচক

**133.** "আমরা কি করব বুঝতে না পেরে সব বোকার মতো হাঁ করে তাকিয়ে রইলাম"।

– 'তাকিয়ে রইলাম' - এটি কোন ক্রিয়ার উদাহরণ ?

(1) অকর্মক ক্রিয়া

(2) সকর্মক ক্রিয়া

(3) দ্বিকর্মক ক্রিয়া

(4) ক্রিয়া দ্বন্দ্ব

**134.** "ওকে ধরে ঘা দুচার লাগিয়ে দে" - কে একথা বলেছিল ?

(1) সেনাপতি

(2) রামপদ

(3) সতীশ

(4) দাশু

www.prepp.in



**135.** আলোচ্য গদ্যে কোন ললিত কলার প্রসঙ্গ আছে ?

(1) সঙ্গীত

(2) নৃত্য

(3) অভিনয়

(4) চিত্রকলা

**136.** ধারাবাহিক লেখা (process writing)-র ক্ষেত্রে নিম্নলিখিত কোনগুলি অনুসরণ করা হবে ?

(1) শব্দ সীমা

(2) আলঙ্কারিক (Flowery) ভাষার ব্যবহার

(3) সম্বন্ধ (possessive) সূচক বিশেষণের ব্যবহার

(4) ধারণার সংগোষ্ঠী (ornamisation of ideas)

**137.** লেখা হলো একটি ______ এবং একটি _____ নয়।

(1) পদ্ধতি ; উৎপাদন

(2) উৎপাদন ; পদ্ধতি

(3) পদ্ধতি ; হাতের লেখার অনুশীলন

(4) হাতের লেখার অনুশীলন, পদ্ধতি

**138.** একজন শিক্ষক যখন ছাত্রদের লেখার দক্ষতার বিষয়ে অভিমত দেবেন এখন তিনি সবচেয়ে গুরুত্বপূর্ণভাবে যে বিষয়ে মনোযোগ দেবেন, তা হল -

(1) আলঙ্কারিক (flowery) ভাষার ব্যবহার

(2) নির্ভুল বানান

(3) ব্যাকরণগত ভাবে নির্ভুল কাঠামো

(4) ধারণার প্রকাশ

**139.** পাঠ পূর্ববর্তী আবশ্যিক কাজ বলতে যা বোঝায় -

(1) কঠিন শব্দের অর্থ বলে দেওয়া

(2) উক্ত পাঠে যে সব ব্যাকরণগত বিষয় বা নিয়ম ব্যবহৃত হয়েছে তা ব্যাখ্যা করা।

(3) শিক্ষার্থীদের পাঠের বোধশক্তি বিষয়ে ধারণা তৈরি করা।

(4) পাঠ বিষয়ে ছাত্রদের পূর্ববর্তী জ্ঞানকে সক্রিয় করার মাধ্যমে তাদের তৈরি করা।

**140.** ভারতের সংবিধান অনুযায়ী বর্তমানে কতগুলি ভাষা অষ্টম খসড়ায় (**8th Schedule**) উল্লেখিত আছে ?

(1) ১৬

(2) ২০

(3) ২২

(4) ২৪

**141.** একজন শিক্ষক প্রকৃত সংযোগ গড়ে তোলার জন্য ভিন্ন ভিন্ন পরিস্থিতিতে ছাত্রদের সেই ভূমিকায় অভিনয় করার নির্দেশ দিলেন। এরপর তিনি ছাত্রদের দেওয়া ভূমিকা অভিনয়ের ভিতর থেকে কিছু প্রাসঙ্গিক নিয়ম বের করার চেষ্টা করলেন এবং সেই নিয়ম অনুসারে কিছু অনুশীলন দিলেন। তিনি যেটা পড়াচ্ছেন -

(1) সুনিদৃষ্টভাবে নির্দেশিত (Prescriptive) ব্যাকরণ।

(2) বিচ্ছিন্নভাবে (isolation) ব্যাকরণ।

(3) প্রাসঙ্গিক ভাবে ব্যাকরণ।

(4) বিশেষ পরিস্থিতি বা সমস্যা সম্পর্কে চিন্তা করে তা বোঝার জন্য সাধারণ সত্য জ্ঞানের ব্যবহার (Deductive) পদ্ধতি

**142.** একজন ভাষা শিক্ষক সমস্ত ছাত্রের শেখার শৈলীর চাহিদা পূরণ যেভাবে করতে পারেন -

(1) প্রতিটি শব্দ পড়ানো এবং তারপর অনুবাদ করে ও পাঠকে বারংবার অভ্যেস করে।

(2) ধারাবাহিক ভাবে শিশুদের মূল্যায়ণ করে।

(3) কেবল পড়াশুনা নয় বরং একই সঙ্গে ছাত্রদের নাচ/সংগীত/খেলা/ক্রীড়া/আঁকার ক্লাসে যাওয়ার জন্য উৎসাহিত করা।

(4) ছাত্রদের স্বতন্ত্রভাবে চাহিদা পূরণের জন্য একগুচ্ছ শিক্ষণ পদ্ধতি ও কৌশল এবং মূল্যায়নের পদ্ধতি ব্যবহার করা।

**143.** ভাষা শেখার ক্ষেত্রে সামাজিক মেলামেশা এক গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। এই বার্তা যার সঙ্গে যুক্ত তিনি হলেন -

(1) চমস্কি (Chomsky)

(2) পিগেট (Piaget)

(3) ভাইগোটস্কি (Vygotsky)

(4) স্কিনার (Skinner)

**144.** বলার দক্ষতায় যেটা গুরুত্বপূর্ণ, তা হল -

(1) সুস্পষ্ট ও যথাযথ উচ্চারণ

(2) বিষয় এবং অবস্থা অনুযায়ী বলা

(3) নমনীয়ভাবে বলা

(4) আলঙ্কারিক ভাষা ব্যবহার।

**145.** একটি ভাষা শিখতে গিয়ে একটি শিশু যে সুনিদৃষ্ট সমস্যার সম্মুখীন হয় এবং যে পরীক্ষা একজন শিক্ষককে তা বুঝতে সাহায্য করে, তা হল -

(1) বিচক্ষণ (Discrete) বিন্দু পরীক্ষা

(2) কারণ অনুসন্ধান (Diagnostic) পরীক্ষা

(3) সংযোগকারী (Communicative) পরীক্ষা

(4) সমস্যা সমাধান পরীক্ষা (Problem Solving test)

www.prepp.in



146. 'পোর্টফোলিও' সম্পর্কে নিম্নলিখিত কোন বাক্যটি সঠিক ?

(1) এটা লেখার অভ্যাস তৈরি করায়

(2) এর প্রধান উদ্দেশ্য হল ছাত্রদের কাজ সংগ্রহ করা এবং তাকে সুরক্ষিত রাখা।

(3) এটা শিক্ষকের সময় বাঁচায় এবং ছাত্রদের ব্যস্ত রাখে।

(4) এটা শিক্ষকের ছাত্রদের ক্রম উন্নতি মাপতে (Gauge) সাহায্য করে।

147. স্বরভঙ্গি হল ______ এর ভিন্নতা।

(1) শরীরের অঙ্গ

(2) শব্দ

(3) বাতাস

(4) সুরের উচ্চতার মাত্রা (pitch)

148. বাণী বাড়িতে বেশি কথা বলে না কিন্তু স্কুলে অনেক কথা বলে। এটা যা দেখায় -

(1) সে তার বাড়ি পছন্দ করে না।

(2) তার চিন্তাভাবনা স্কুলে মান্যতা পায়।

(3) স্কুলে ছাত্র-ছাত্রীদের প্রচুর কথা বলার সুযোগ দেয়।

(4) শিক্ষকরা শ্রেণীকক্ষের নিয়মানুবর্তিতার দিকে প্রায় কোন দৃষ্টি দেন না।

149. ভাষা দক্ষতায় কোন দুটি বিষয় অন্তর্ভুক্ত করা হয়েছে ?

(1) প্রকৃত উচ্চারণ এবং নিবিড় (intensively) ভাবে পড়া

(2) লিপ্যন্তর (transcription) এবং ভালো হাতের লেখা

(3) নিখুঁত এবং সাবলীলতা

(4) উপর উপর পড়া (skimming) এবং খুঁটিয়ে (seaming) পড়া

150. ভাষা শেখা খুব সহজ হবে, যদি –

(1) পাঠ্য বই না পড়ানো হয়

(2) কোন রকম পরীক্ষা না থাকে

(3) যদি সমৃদ্ধ ভাষা প্রতিবেশ পাওয়া যায়

(4) লেখার আগে যদি ব্যাকরণ অভ্যাস ও অনুশীলনে বেশি সময় দেওয়া যায়।

www.prepp.in



## SPACE FOR ROUGH WORK

Your Personal Exam Guide

**নিম্নলিখিত নির্দেশ গুলি মন দিয়ে পড়ুন :**

1. বিভিন্ন ধরণের প্রশ্নের উত্তর নির্বাচনের জন্য যে নির্দেশ পরীক্ষা পুস্তিকায় দেওয়া রয়েছে, প্রশ্নের উত্তর নির্বাচনের পূর্বে তা মনোযোগ সহকারে পড়ুন ।
2. প্রতিটি প্রশ্নের চারটি বিকল্প উত্তরের মধ্যে সঠিক উত্তর হিসেবে (OMR) উত্তর পত্রে কেবল একটিমাত্র বৃত্তকেই নীল বল পয়েন্ট পেন দিয়ে ভরাট করতে হবে । একবার উত্তর চিহ্নিত করণ হয়ে গেলে, তা আর বদলানো যাবে না ।
3. পরীক্ষার্থীকে অবশ্যই মনে রাখতে হবে যে, উত্তর পত্রটিতে কিছুতেই ভাঁজ ফেলা চলবেনা, অন্য কোনো রকম দাগ লাগানো চলবে না । পরীক্ষার্থী তার ক্রমিক সংখ্যাটি (Roll No.) নির্ধারিত স্থান ছাড়া অন্য কোনোখানেই উল্লেখ করবেন না ।
4. পরীক্ষা পুস্তিকা এবং উত্তর পত্র সাবধানতার সঙ্গে নাড়াচাড়া করবেন । কোনো কারণে তা খারাপ বা নষ্ট হলে দ্বিতীয় পরীক্ষা পুস্তিকা দেওয়া হবে না । (শুধুমাত্র পরীক্ষা পুস্তিকা এবং উত্তর পত্রের কোড নম্বরের মধ্যে অমিল থাকলেই দ্বিতীয় পরীক্ষা-পুস্তিকা দেওয়া হবে ।
5. পরীক্ষার্থী হাজিরা-পত্রে (Attendance Sheet) ঠিক মতো পরীক্ষা পুস্তিকা/উত্তর পত্রে মুদ্রিত পরীক্ষা পুস্তিকার কোড নম্বরটি লিখবেন ।
6. মেশিন কেবলমাত্র উত্তরপত্রে (OMR) দেওয়া সংকেতই পড়তে পারবে । তাই কোন তথ্য অসম্পূর্ণ রাখা চলবে না এবং প্রবেশপত্রে প্রদত্ত তথ্যের সাথে তার কোন পার্থক্য থাকবে না ।
7. পরীক্ষার্থীকে কেবল প্রবেশ পত্র বা Admit Card ছাড়া অন্য কোনো পাঠ্য বস্তু, ছাপা বা হাতে-লেখা, কাগজের টুকরো, পেজার, মোবাইল ফোন, বৈদ্যুতিক উপকরণ বা অন্য কোনো দ্রব্য নিয়ে পরীক্ষা হল-এ ঢুকতে দেওয়া হবে না ।
8. মোবাইল, বেতার যোগাযোগ মাধ্যম (এমনকী নিষ্ক্রিয় করে রাখা মোবাইল) এবং অন্যান্য নিষিদ্ধ বৈদ্যুতিক উপকরণ পরীক্ষাহলে আনা চলবে না । এই নির্দেশ পালন না করলে তাকে অন্যায় আচরণ হিসেবে গণ্য করা হবে এবং যে কোন ব্যবস্থা নেওয়া হবে এমনকী তার পরীক্ষা বাতিল করাও যেতে পারে ।
9. পরীক্ষা-নিরীক্ষক চাইলে পরীক্ষার্থী তার প্রবেশপত্র তাঁকে দেখাবেন ।
10. পরীক্ষা-নিরীক্ষক বা তত্বাবধায়কের অনুমতি ছাড়া পরীক্ষার্থী তার আসন ছেড়ে উঠবেন না ।
11. কর্মরত নিরীক্ষকের হাতে নিজের উত্তর পত্র জমা না দিয়ে এবং হাজিরা পত্রে দুবার স্বাক্ষর না করে পরীক্ষার্থী পরীক্ষার হল্ থেকে বেরোবেন না । যদি কোনো পরীক্ষার্থী হাজিরা পত্রে দ্বিতীয় বার স্বাক্ষর না করেন, তবে এটাই ধরে নেওয়া হবে যে তিনি তাঁর উত্তর পত্র জমা করেন নি - এবং ব্যাপারটিকে দন্ডনীয় অপরাধ হিসেবে গণ্য করা হবে ।
12. ইলেক্ট্রনিক / হস্তচালিত ক্যালকুলেটর ব্যবহার নিষিদ্ধ ।
13. পরীক্ষা হলের মধ্যে পরীক্ষার্থী বোর্ড-নির্ধারিত যাবতীয় নীতি-নিয়ম মেনে চলতে বাধ্য । কোনো রকম অনভিপ্রেত আচরণের বিচার ও তার সিদ্ধান্ত বোর্ডের নিয়ম-অধিনিয়ম অনুযায়ীই সম্পন্ন হবে ।
14. কোনো রকম পরিস্থিতিতেই পরীক্ষা পুস্তিকা ও উত্তর পত্রের কোনো অংশ বিচ্ছিন্ন করা চলবে না ।
15. **পরীক্ষা শেষ হলে, পরীক্ষার্থী পরীক্ষা-কক্ষ ছাড়ার আগে তাঁর উত্তর পত্রটি অবশ্যই কক্ষ-নিরীক্ষকের হাতে জমা দেবেন । পরীক্ষা পুস্তিকাটি অবশ্য জমা করার দরকার নেই - পরীক্ষার্থী সেটা নিজের সঙ্গে নিয়ে যেতে পারেন ।**

www.prepp.in

Prepp
Your Personal Exams Guide



**निम्नलिखित निर्देशों को ध्यान से पढ़ें :**

1. जिस प्रकार से विभिन्न प्रश्नों के उत्तर दिए जाने हैं उसका वर्णन परीक्षा पुस्तिका में किया गया है, जिसे आप प्रश्नों का उत्तर देने से पहले ध्यान से पढ़ लें ।
2. प्रत्येक प्रश्न के लिए दिए गए चार विकल्पों में से सही उत्तर के लिए OMR उत्तर पत्र के **पृष्ठ-2** पर केवल एक वृत्त को ही पूरी तरह **काले/नीले बॉल पॉइन्ट पेन** से भरें । एक बार उत्तर अंकित करने के बाद उसे बदला नहीं जा सकता है ।
3. परीक्षार्थी सुनिश्चित करें कि इस उत्तर पत्र को मोड़ा न जाए एवं उस पर कोई अन्य निशान न लगाएँ । परीक्षार्थी अपना अनुक्रमांक उत्तर-पत्र में निर्धारित स्थान के अतिरिक्त अन्यत्र न लिखें ।
4. परीक्षा पुस्तिका एवं उत्तर पत्र का ध्यानपूर्वक प्रयोग करें, क्योंकि किसी भी परिस्थिति में (केवल परीक्षा पुस्तिका एवं उत्तर पत्र के संकेत या संख्या में भिन्नता की स्थिति को छोड़कर) दूसरी परीक्षा पुस्तिका उपलब्ध नहीं करायी जाएगी ।
5. परीक्षा पुस्तिका / उत्तर पत्र में दिए गए परीक्षा पुस्तिका संकेत व संख्या को परीक्षार्थी सही तरीके से हाज़िरी-पत्र में लिखें ।
6. OMR उत्तर पत्र में कोडित जानकारी को एक मशीन पढ़ेगी । इसलिए कोई भी सूचना अधूरी न छोड़ें और यह प्रवेश-पत्र में दी गई सूचना से भिन्न नहीं होनी चाहिए ।
7. परीक्षार्थी द्वारा परीक्षा हॉल/कक्ष में प्रवेश-पत्र के सिवाय किसी प्रकार की पाठ्य-सामग्री, मुद्रित या हस्तलिखित, कागज़ की पर्चियाँ, पेजर, मोबाइल फोन, इलेक्ट्रॉनिक उपकरण या किसी अन्य प्रकार की सामग्री को ले जाने या उपयोग करने की अनुमति नहीं है ।
8. मोबाइल फोन, बेतार संचार युक्तियाँ (स्वीच ऑफ अवस्था में भी) और अन्य प्रतिबंधित वस्तुएँ परीक्षा हॉल/कक्ष में नहीं लाई जानी चाहिए । इस सूचना का पालन न होने पर इसे परीक्षा में अनुचित साधनों का प्रयोग माना जाएगा और उनके विरुद्ध कार्यवाही की जाएगी, परीक्षा रद्द करने सहित ।
9. पूछे जाने पर प्रत्येक परीक्षार्थी, निरीक्षक को अपना प्रवेश-पत्र दिखाएँ ।
10. केन्द्र अधीक्षक या निरीक्षक की विशेष अनुमति के बिना कोई परीक्षार्थी अपना स्थान न छोड़ें ।
11. कार्यरत निरीक्षक को अपना उत्तर पत्र दिए बिना एवं हाज़िरी-पत्र पर दुबारा हस्ताक्षर किए बिना परीक्षार्थी परीक्षा हॉल/कक्ष नहीं छोड़ेंगे । यदि किसी परीक्षार्थी ने दूसरी बार हाज़िरी-पत्र पर हस्ताक्षर नहीं किए, तो यह माना जाएगा कि उसने उत्तर पत्र नहीं लौटाया है और यह अनुचित साधन का मामला माना जाएगा । **परीक्षार्थी अपने बाएँ हाथ के अंगूठे का निशान हाज़िरी-पत्र में दिए गए स्थान पर अवश्य लगाएँ ।**
12. इलेक्ट्रॉनिक / हस्तचालित परिकलक का उपयोग वर्जित है ।
13. परीक्षा हॉल/कक्ष में आचरण के लिए परीक्षार्थी बोर्ड के सभी नियमों एवं विनियमों द्वारा नियमित हैं । अनुचित साधनों के सभी मामलों का फैसला बोर्ड के नियमों एवं विनियमों के अनुसार होगा ।
14. किसी हालत में परीक्षा पुस्तिका और उत्तर पत्र का कोई भाग अलग न करें ।
15. **परीक्षा सम्पन्न होने पर, परीक्षार्थी हॉल / कक्ष छोड़ने से पूर्व उत्तर पत्र कक्ष-निरीक्षक को अवश्य सौंप दें । परीक्षार्थी अपने साथ इस परीक्षा पुस्तिका को ले जा सकते हैं ।**

**READ THE FOLLOWING INSTRUCTIONS CAREFULLY:**

1. The manner in which the different questions are to be answered has been explained in the Test Booklet which you should read carefully before actually answering the questions.
2. Out of the four alternatives for each question, only one circle for the correct answer is to be darkened completely with **Black/Blue Ball Point Pen** on **Side-2** of the OMR Answer Sheet. The answer once marked is not liable to be changed.
3. The candidates should ensure that the Answer Sheet is not folded. Do not make any stray marks on the Answer Sheet. Do not write your Roll No. anywhere else except in the specified space in the Answer Sheet.
4. Handle the Test Booklet and Answer Sheet with care, as under no circumstances (except for discrepancy in Test Booklet Code or Number and Answer Sheet Code or Number), another set will be provided.
5. The candidates will write the correct Test Booklet Code and Number as given in the Test Booklet / Answer Sheet in the Attendance Sheet.
6. A machine will read the coded information in the OMR Answer Sheet. Hence, no information should be left incomplete and it should not be different from the information given in the Admit Card.
7. Candidates are not allowed to carry any textual material, printed or written, bits of papers, pager, mobile phone, electronic device or any other material except the Admit Card inside the examination hall/room.
8. Mobile phones, wireless communication devices (even in switched off mode) and the other banned items should not be brought in the examination halls/rooms. Failing to comply with this instruction, it will be considered as using unfair means in the examination and action will be taken against them including cancellation of examination.
9. Each candidate must show on demand his / her Admit Card to the Invigilator.
10. No candidate, without special permission of the Centre Superintendent or Invigilator, should leave his / her seat.
11. The candidates should not leave the Examination Hall/Room without handing over their Answer Sheet to the Invigilator on duty and sign the Attendance Sheet twice. Cases where a candidate has not signed the Attendance Sheet second time will be deemed not to have handed over the Answer Sheet and dealt with as an unfair means case. **The candidates are also required to put their left hand THUMB impression in the space provided in the Attendance Sheet.**
12. Use of Electronic / Manual Calculator is prohibited.
13. The candidates are governed by all Rules and Regulations of the Board with regard to their conduct in the Examination Hall/Room. All cases of unfair means will be dealt with as per Rules and Regulations of the Board.
14. No part of the Test Booklet and Answer Sheet shall be detached under any circumstances.
15. **On completion of the test, the candidate must hand over the Answer Sheet to the Invigilator in the Hall / Room.** ***The candidates are allowed to take away this Test Booklet with them.***